দৈনিক বাংলা ১৫

তারিখ 24 OCT 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

# শহীদ বুদ্ধিজীবী দিবসে ঢাকা ভার্সিটি অনার্স ও মাস্টার্স পরীক্ষা : ক্ষোভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : আগামী ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অনার্স ও মাস্টার্স পরীক্ষার তারিখ নির্ধারিত হওয়ায় পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। কর্তৃপক্ষ এখনও বিষয়টি

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শহীদ বুদ্ধিজীবী

(প্রথম পৃষ্ঠার পর)

সম্পর্কে কোন ব্যাখ্যা দেননি।

গত ৬ অক্টোবর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের অনেক বিভাগের অনার্স ও মাস্টার্স ফাইনাল পরীক্ষা শুরু হয়েছে। গণযোগাযোগ ও সাংবাদিকতা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজ বিজ্ঞান, লোক প্রশাসন, ইংরেজীসহ বেশ কিছু বিভাগের পরীক্ষা শেষ হতে ডিসেম্বর কিংবা জানুয়ারী মাস লাগবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার যে সময়সূচী দিয়েছেন, তাতে দেখা গেছে, আগামী ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবসে সাংবাদিকতা, আন্তর্জাতিক সম্পর্ক, সমাজবিজ্ঞান, আরবীসহ বেশ কয়েকটি বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। শহীদ বুদ্ধিজীবী দিবসে পরীক্ষার তারিখ নির্ধারিত হওয়ায় ছাত্রছাত্রীরা ক্ষুব্ধ হয়েছে। উল্লেখ্য, এই দিন সরকারীভাবে কোন ছুটি না থাকলেও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছুটি থাকে। এ ব্যাপারে পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করে তাকে পাওয়া যায়নি।